দৈনিক খবর

28

তারিখ ...01 SEP 1988
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

# ইসলামী বিশ্বকে কারিগরি জ্ঞান উন্নত করতে হবে
## ——যাবিদ

জয়দেবপুর, ৩১শে আগস্ট (বাসস)।—ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) মহাসচিব ডঃ হামিদ আল যাবিদ আন্তর্জাতিক ক্ষেত্রে বর্তমান উন্নয়ন ধারার সঙ্গে সমতা রক্ষার জন্যে ইসলামী বিশ্বকে

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## ইসলামী বিশ্বকে

প্রথম পৃষ্ঠার পর

কারিগরি ও বৃত্তিমূলক বিশেষ জ্ঞান উন্নয়নেরআশ্বাসজানিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার এখানে ইসলামী কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের (আইসিটিভিটিআর) তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে ভাষণদানকালে তিনি বলেছেন যে, এক্ষেত্রে সামর্থ্য উন্নয়ন ছাড়া ইসলামী দেশগুলোর কোন বিকল্প নেই। ওআইসি মহাসচিব সকলকে স্মরণ করিয়ে দেন যে, বিপুল মানব সম্পদে মুসলিম বিশ্ব সমৃদ্ধ এবং আজকের সভ্যতার পেছনে কারিগরি ক্ষেত্রের যে সব নতুন নতুন উদ্ভাবনার অবদান আছে সেই সব ঐতিহ্যবাহী উদ্ভাবনা থেকে প্রেরণা লাভ করেছে। তবে তিনি বলেন যে, বিশ্বের ইসলামী আর্থ—সামাজিক প্রবৃদ্ধি অর্জনের প্রচেষ্টা বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণার অভাবে ব্যাহত হচ্ছে। এর জন্যে ইসলামী বিশ্বকে উন্নত বিশ্বের উপর নির্ভরশীল হতে হবে। ওআইসি মহাসচিব ঢাকায় এই কেন্দ্রটি প্রতিষ্ঠায় সহায়তা দেয়ার জন্যে বাংলাদেশের প্রশংসা করেন।

অনুষ্ঠানে ভাষণে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ পূর্বশর্ত হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত জনশক্তির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপকরেন।